

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ ও বন মন্ত্রণালয়
পরিবেশ শাখা-১

নং-পবম/পরিবেশ শাখা-১/৩/স্লাইমেন্ট চেঞ্জ-৩৩/২০০৯/৫৭৬

তারিখঃ ০৭-১২-২০০৯

বিজ্ঞপ্তি

পরিবেশ ও বন মন্ত্রণালয়ের আওতায় প্রতিষ্ঠিত জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড এর অর্থায়নে বিভিন্ন মন্ত্রণালয়, সংস্থা, দপ্তর, বেসরকারী প্রতিষ্ঠান হতে প্রকল্প আহবান করা হচ্ছে। প্রস্তাবিত প্রকল্পসমূহ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের ছকে প্রণয়ন করতে হবে। প্রকল্প ছকটি পরিবেশ ও বন মন্ত্রণালয়ের Website (www.moef.gov.bd) এ পাওয়া যাবে।

প্রকল্প প্রস্তাব প্রদানের শর্তাবলী :

- জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতার অর্থায়নের ক্ষেত্রে মন্ত্রণালয়, সরকারি, বেসরকারি প্রতিষ্ঠান এবং এনজিওসমূহ আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে।
- প্রকল্পসমূহ Bangladesh Climate Change Strategy and Action Plan (BCCSAP)2009 (BCCSAP- টি পরিবেশ ও বন মন্ত্রণালয় এর Website- www.moef.gov.bd এ পাওয়া যাবে) এর আওতায় ০৬টি Theme যথা- (i) Food Security, Social Protection and Health; (ii) Comprehensive Disaster Management; (iii) Infrastructure; (iv) Resource and Knowledge Management; (v) Mitigation and Low Carbon Development & (vi) Capacity Building and Institutional Strengthening সংশ্লিষ্ট ৪৪ টি প্রোগ্রামের উপর ভিত্তি করে প্রণয়ন করতে হবে।
- সরকারি প্রতিষ্ঠানের প্রকল্পসমূহের ক্ষেত্রে সর্বোচ্চ ব্যয়সীমা ২৫ (পঁচিশ) কোটি টাকা এবং বেসরকারি বা এনজিও এর প্রকল্পসমূহের ক্ষেত্রে সর্বোচ্চ ব্যয়সীমা ০৫ (পাঁচ) কোটি টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে প্রকল্প প্রস্তাবের ০৩ (তিন) কপি দাখিল করতে হবে।
- প্রস্তাবিত প্রকল্পের সময়সীমা হবে সর্বোচ্চ ০২ (দুই) বছর।
- প্রকল্প প্রস্তাবকারী প্রতিষ্ঠান কর্তৃক যে Theme এর আওতায় প্রকল্প তৈরী করবেন ঐ সম্পর্কিত সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাধ্যমে প্রকল্প প্রস্তাব প্রেরণ করতে হবে।
- প্রস্তাবিত প্রকল্পসমূহ এডিপি এর মূল প্রকল্পের সাথে দ্বৈততা পরিহার করতে হবে।
- এনজিও কর্তৃক পেশকৃত প্রকল্পে নিজস্ব অর্থায়নের অংশ আলাদাভাবে উল্লেখ করতে হবে। এনজিও কর্তৃক প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়নে ট্রাস্ট ফান্ড কর্তৃক বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত প্রয়োজনীয় অর্থ সংশ্লিষ্ট এনজিও কর্তৃক ব্যয় করা হবে মর্মে অঙ্গীকারনামা প্রকল্প প্রস্তাবের সাথে সংযুক্ত করে পেশ করতে হবে।
- প্রকল্প প্রস্তাবের সাথে এনজিওদেরকে প্রাতিষ্ঠানিক রেজিস্ট্রেশন সংক্রান্ত সার্টিফিকেট দাখিল করতে হবে।
- বেসরকারি প্রতিষ্ঠান এবং এনজিওদেরকে প্রকল্প ছক ক্রয়বাবদ অফেরৎযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয় বরাবর) প্রকল্প প্রস্তাবের সাথে সংযুক্ত করতে হবে।
- বিজ্ঞপ্তি প্রকাশের দিন থেকে ২০ (বিশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাধ্যমে প্রকল্প প্রস্তাব জমা দিতে হবে। নির্দিষ্ট সময়ে প্রকল্প প্রস্তাব জমা দিতে ব্যর্থ হলে প্রকল্প প্রস্তাব বিবেচনা করা হবে না।
- প্রাপ্ত প্রকল্পসমূহ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় গঠিত কারিগরি কমিটির সুপারিশের ভিত্তিতে জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্ট ফান্ডের ট্রাস্টী বোর্ড অনুমোদন করবে। কেবলমাত্র ট্রাস্টী বোর্ড কর্তৃক অনুমোদিত প্রকল্পে অর্থায়ন করা হবে। অননুমোদিত প্রকল্প প্রস্তাব ফেরৎ প্রদান করা হবে না।



(ড. মিহির কান্তি মজুমদার)

সচিব

পরিবেশ ও বন মন্ত্রণালয়